



ভোটার তালিকা অধ্যাদেশের খসড়ার অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ



সংগৃহীত ছবি

ভোটার তালিকা (সংশোধন) অধ্যাদেশ-২০২৫-এর খসড়া নীতিগত ও চূড়ান্তভাবে অনুমোদন দিয়েছে উপদেষ্টা পরিষদ।

বৃহস্পতিবার (১৭ জুলাই) প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত উপদেষ্টা পরিষদের সভায় এ খসড়ার অনুমোদন দেওয়া হয়। সভা শেষে মন্ত্রিপরিষদ বিভাগ এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করে। তবে খসড়ায় কী কী নতুন বিষয় যুক্ত হয়েছে, সে সম্পর্কে কিছু উল্লেখ করা হয়নি।

একই সভায় আইন মন্ত্রণালয়ের ভেটিংয়ের পর বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) সংশোধন অধ্যাদেশ-২০২৫ এবং মানবদেহে অঙ্গপ্রত্যঙ্গ সংযোজন অধ্যাদেশ-২০২৫ এর খসড়াও চূড়ান্ত অনুমোদন পেয়েছে। এসব অধ্যাদেশেও নতুন সংযোজিত বিষয়ের বিস্তারিত বিজ্ঞপ্তিতে প্রকাশ করা হয়নি।

LENS ASIA